যুগান্তর

বিশেষজ্ঞদের অভিমত

# মেডিকেল কলেজ বাড়ানোর চেয়ে দক্ষ শিক্ষক বেশি প্রয়োজন

প্রকাশ : ১২ জানুয়ারি ২০১৯, ২০:৩৬ | অনলাইন সংস্করণ

যোবায়ের আহসান জাবের



দেশে মেডিকেল কলেজ বাড়ানোর চেয়ে বর্তমান মেডিকেল কলেজে আরও দক্ষ শিক্ষক বেশি প্রয়োজন বলে মন্তব্য করেছেন দেশের প্রখ্যাত চিকিৎসক ও বিশেষজ্ঞরা। তাদের মতে, শুধু বড় বড় বিল্ডিং তৈরি করে কোনো লাভ নেই যদি ওইসব প্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষক না থাকে।

দলীয় সংকীর্ণতার উর্ধ্বে ওঠে দক্ষ শিক্ষক নিয়োগে নতুন সরকারের প্রতি অনুরোধ জানান বিশেষজ্ঞ চিকিৎসকরা।

(বাঁ থেকে) ডা. এবিএম আবদুল্লাহ, ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও ডা. মুরাদ হাসান

তাহলেই দেশের সাধারণ মানুষ উন্নত সেবা পাবেন।

বঙ্গবন্ধু শেখ মুজিব

মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সদ্য অবসরপ্রাপ্ত মেডিসিন বিভাগের চেয়ারম্যান ও একুশে পদকপ্রাপ্ত চিকিৎসক ডা. এবিএম আবদুল্লাহ বলেন, দক্ষ শিক্ষক তৈরি করতে না পারলে দক্ষ চিকিৎসক তৈরি হবে না। শুধু মেডিকেল কলেজের বড় বড় বিল্ডিং বানানোর চেয়ে মানসম্মত শিক্ষক বেশি জরুরি।

বর্তমান মেডিকেল কলেজের দক্ষ শিক্ষক ঘাটতি পূরণে সরকারের কী করা উচিত-এমন প্রশ্নের জবাবে একুশে পদকপ্রাপ্ত চিকিৎসক ডা. এবিএম আবদুল্লাহ বলেন, সরকারের সদিচ্ছা থাকলে এটা সম্ভব।

মেডিকেল কলেজের দক্ষ শিক্ষক ঘাটতি পূরণে বিদেশ থেকে চিকিৎসক আনার প্রয়োজন আছে কিনা?-এমন প্রশ্নের জবাবে দেশের কিংবদন্তি চিকিৎসক ডা. এবিএম আবদুল্লাহ বলেন, বিদেশ থেকে কোনো চিকিৎসককে আনতে হবে না। শুধু আমাদের দেশের ব্রিলিয়ান্ট চিকিৎসকদের যথাযথ মূল্যায়ন করলেই হবে। সত্যি কথা বলতে কি, এখানে রাজনীতিটা একটা ফ্যাক্টর। আপনি ইচ্ছা করলেই যেকোনো দক্ষ চিকিৎসককে এখানে (বিএসএমএমইউতে) আনতে পারবেন না। এখানে বিভিন্ন সংগঠনের চাওয়া-পাওয়াও থাকে। তাদের পছন্দের বিষয়গুলোও একটা ফ্যাক্টর। এসব কারণে অনেক ব্রিলিয়ান্ট যথাযথভাবে মূল্যায়ন পাচ্ছেন না। তাই সবকিছুর উর্ধ্বে উঠে মেধা ও যোগ্যতাকেই প্রাধান্য দিলে দক্ষ শিক্ষকের ঘাটতিটা পূরণ করা সম্ভব। এটা এক্সিকিউটিভ পাওয়ার যাদের হাতে তাদেরকেই নিশ্চিত করতে হবে।

চিকিৎসাক্ষেত্রে রাজনীতির চেয়ে পেশাগতভাবে যিনি সবচেয়ে দক্ষ তাকে নিয়োগ দিলে সাধারণ রোগীরা বেশি উপকৃত হবে বলে মনে করেন প্রধানমন্ত্রীর ব্যক্তিগত এ চিকিৎসক।

এ ব্যাপারে জানতে চাইলে শহীদ তাজউদ্দিন মেডিকেল কলেজের সহকারী অধ্যাপক ডা. মো. জোবায়ের মিয়া যুগান্তরকে বলেন, মেডিকেল কলেজে মানসম্মত শিক্ষক না হলে মানসম্মত ডাক্তারও পাস করে বের হবে না। জনগণ গুণগত চিকিৎসা সেবাও পাবে না।

তিনি বলেন, আমাদের দেশে এখন সরকারি ৩৩টি মেডিকেল কলেজ রয়েছে। প্রথম দিকের ১৩টি মেডিকেল কলেজ বাদে নতুনগুলির অবকাঠামোরও ঘাটতি রয়ে গেছে। বেসরকারিভাবে প্রায় আরো দ্বিগুণ মেডিকেল কলেজ প্রতিষ্ঠিত হয়েছে যেগুলোর শিক্ষক স্বল্পতা এবং হাসপাতালের চিকিৎসা সেবার মান বেশিরভাগেরই অপ্রতুল। তাই আর নয় নতুন মেডিকেল কলেজ। এটাই এখন সময়ের দাবি।

মনোরোগ বিশেষজ্ঞ এ চিকিৎসক আরও বলেন, মেডিকেল শিক্ষার মানোন্নয়নের জন্য দেশি -বিদেশি প্রশিক্ষণ, প্রযুক্তিজ্ঞান খুবই জরুরি। তাহলে রোগীদের বিদেশগামীতাও কমে যাবে। রাজনৈতিক বিবেচনায় পদোন্নতি, বদলি না করে একটি নীতিমালা তৈরি করে যোগ্যতার ভিত্তিতে মেডিকেল শিক্ষার উন্নতি সম্ভব।

আমেরিকান সাইকিয়াট্রিক অ্যাসোসিয়েশনের মেম্বার ও দেশের বিশিষ্ট সাইকিয়াট্রিস্ট ডা. মো. সাঈদ এনাম যুগান্তরকে বলেন, দক্ষ শিক্ষকের কাছে প্রশিক্ষণ নিয়ে নিয়েই দক্ষ হতে হয়।চিকিৎসা শিক্ষার এক পর্যায়ে শিক্ষকের সঙ্গে রোগীদের পাশে যেয়ে যেয়ে ছাত্রদের হাতে কলমে শিখতে হয়। চিকিৎসা শিক্ষায় দক্ষ বিশেষজ্ঞরা বলেই থাকেন, পেশেন্ট ইজ দা লিভিং বুক, বুক ইজ ডেড পেশেন্ট। সুতরাং দক্ষ শিক্ষকের কাছে প্রশিক্ষণ নিয়ে নিয়েই দক্ষ হতে হয়। সেক্ষেত্রে মেডিকেল কলেজে খোদ দক্ষ শিক্ষকই না থাকেন কিংবা তাহলে দক্ষ চিকিৎসক আশা করা অবান্তর।

তিনি বলেন, অদক্ষ চিকিৎসা শিক্ষক মানেই অদক্ষ চিকিৎসক। আর অদক্ষ চিকিৎসক মানেই মৃত্যু অবধারিত। তাই চিকিৎসক নিয়োগে দক্ষতার বিষয়ে কোনো কম্প্রোমাইজ করা উচিত নয়।

এ ব্যাপারে বিএমএর সভাপতি ও সাবেক সংসদ সদস্য ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন যুগান্তরকে বলেন, দক্ষ শিক্ষক না থাকলে দক্ষ চিকিৎসক তৈরি হওয়া সম্ভব নয়।
তিনি জানান, সরকারি মেডিকেল কলেজগুলোতে যোগ্যতাসম্পন্ন শিক্ষক থাকলেও বেসরকারি মেডিকেল কলেজগুলোতে এর অভাব প্রকট। এছাড়াও নতুন প্রতিষ্ঠিত হওয়া মেডিকেল কলেজগুলোতে শিক্ষক সংকট রয়েছে বলে জানান তিনি।

নরসিংদী ২ আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য ডা. আনোয়ারুল আশরাফ খাঁন দিলীপ যুগান্তরকে বলেন, আসলে সবক্ষেত্রেই যোগ্য শিক্ষকের ঘাটতি রয়েছে। তবে মেডিকেল সেক্টরে এ সমস্যাটা প্রকট। একমাত্র পিজি হাসপাতাল (বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়) ছাড়া চিকিৎসক তৈরি আর তেমন কোনো ব্যবস্থা নেই। এ বিষয়টি জাতীয় সংসদে প্রস্তাবনা দেয়ার কথা জানান এ সংসদ সদস্য।

## স্বাস্থ্যপ্রতিমন্ত্রীর বক্তব্য

মেডিকেল কলেজে শিক্ষক সংকটের ব্যাপারে জানতে চাইলে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান যুগান্তরকে বলেন, এটা একটা গুরুত্বপূর্ণ ইস্যু। দক্ষ মেডিকেল শিক্ষক সমস্যাটা আমাদের প্রকট। বিশেষ করে বেসিক সায়েন্সের শিক্ষকদের ঘাটতির বিষয়ে আমাদের আলাদা নজর রয়েছে। আমাদের মাননীয় মন্ত্রীও এ বিষয়ে খুবই আন্তরিক। আমরা দ্রুতই এ ব্যাপারে পদক্ষেপ নেব।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।